

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১

বিষয়: ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র মাসিক (মার্চ/২০২১) সভা এবং ২০২১-২২ অর্থবছরের এপিএ চুক্তির নতুন কাঠামো ও নির্দেশিকা সম্পর্কে আলোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : বেগম জেবুন্নেছা করিম
অতিরিক্ত সচিব (প্রশাসন)
তারিখ : ৩১-০৩-২০২১ খ্রি:
সময় : দুপুর ২.৩০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিত সদস্য : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। তিনি বলেন যে, মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রমের সাফল্য পরিমাপ ও মূল্যায়নের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সভাপতির অনুরোধক্রমে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন কৌশল বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত শাখার কর্মকর্তা আগত এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে মার্চ/২০২১ মাসের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করার জন্য আহ্বান জানান।

০২। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ছুটিতে থাকায় টিমের সদস্য প্রোগ্রামার জনাব মো: আরিফুল ইসলাম ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র মার্চ/২০২১ মাসের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। এপিএ চুক্তির ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সময় আসন্ন হওয়ায় বিভিন্ন দপ্তর/সংস্থার বর্তমান অগ্রগতি সম্পর্কে আলোচনা করার জন্য দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে আহ্বান জানানো হয়। পরবর্তীতে দপ্তর/সংস্থা তাদের বর্তমান অগ্রগতি সভায় উপস্থাপন করেন। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের ১৮টি কার্যালয়সমূহকে এপিএএমএস সফটওয়্যারের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এপিএ টিমের সদস্য জনাব মো: আরিফুল ইসলাম সভায় ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্দেশিকা ও এপিএ চুক্তির নতুন কাঠামো সম্পর্কে আলোচনা করেন। তিনি বলেন, ২০২১-২২ অর্থবছরের এপিএ চুক্তির নির্দেশিকা ও চুক্তির নতুন কাঠামোতে জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস), সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার (আরটিআই) কর্মপরিকল্পনাসমূহের কার্যক্রম অন্তর্ভুক্তকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের এপিএ চূড়ান্তকরণের লক্ষ্যে খসড়া তৈরি করে সকল শাখা/অধিশাখা/দপ্তর/সংস্থার মতামত গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, দপ্তর/সংস্থাকে আগামী ৩০-০৪-২০২১ তারিখের মধ্যে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চূড়ান্তকরণের কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৪। সভায় মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা ও আওতাধীন দপ্তর/সংস্থার সর্বশেষ অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

সিদ্ধান্তসমূহ:


৪.১। ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ;

৪.২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২১-২২ অর্থবছরের এপিএ চুক্তির নির্দেশিকা ও চুক্তির নতুন কাঠামো অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া চূড়ান্তপূর্বক আগামী ২১ এপ্রিল/২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য দপ্তর/সংস্থা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

৪.৩। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের ১৮টি কার্যালয়সমূহকে এপিএএমএস সফটওয়্যারের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৪.৪। মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের এপিএ চূড়ান্তকরণের লক্ষ্যে খসড়া তৈরি করে সকল শাখা/অধিশাখা/দপ্তর/সংস্থার মতামত গ্রহণ।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


৩১/০৩/২০২১
(বেগম জেবুন্নেছা করিম)
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান